

## ■■ কুরআন ও সহীহ হাদীসের আলোকে ব্যভিচার ও সমকামিতার ভয়াবহ পরিণতি

বিভাগ/অধ্যায়ঃ লজ্জাস্থান রক্ষার পথে একান্ত বাধাসমূহ রচয়িতা/সঙ্গলকঃ ইসলামহাউজ.কম

## ৫. ক্যামেরাযুক্ত অত্যাধুনিক মোবাইল সেট:

এগুলো চরিত্র নষ্টের আরেকটি বিরাট মাধ্যম। প্রেম-ভালোবাসার জগতে মোবাইলের ব্যবহার তো সবারই জানা। এর সাথে আরো যুক্ত হয়েছে ক্যামেরাযুক্ত অত্যাধুনিক মোবাইল সেট। যাতে অশ্লীল ছায়াছবি ও কুরুচিপূর্ণ যৌনসঙ্গম ধারণ করা ও অন্যের কাছে খুব দ্রুত পৌঁছিয়ে দেওয়া যায়। ফলে তা তথাকথিত প্রেম-ভালোবাসাকে ব্যভিচার ও সমকামিতার দিকে অতি দ্রুত অগ্রসর করে।

এ কথা সবারই জানা যে, মোবাইলের মাধ্যমে অন্যের সাথে দ্রুত যোগাযোগ রক্ষা করা যায়। তবে তা ব্যবহারের সময় কিছু ধর্মীয় বিধি-বিধান অবশ্যই মানতে হবে। অন্তরে সর্বদা আল্লাহভীতি জাগরূক থাকতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9564

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন